

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২৬, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ কার্তিক ১৪২৮/২৪ অক্টোবর ২০২১

নং ১৭.০০.৭৫০০.০৩৫.৪৬.০৮৮.২০(অংশ-১)-৫৯৬।—মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত
রিট পিটিশন নং-৮৪৮২/২০২১, ৮৪৮৩/২০২১, ৮৪৮৪/২০২১, ৮৪৮৫/২০২১ এবং ৮৪৮৬/২০২১
এর ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের আদেশে বিগত ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত নোয়াখালী
জেলাধীন কবিরহাট পৌরসভার নির্বাচনে ১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদসহ ১, ৪ এবং ৮নং
সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর সংশ্লিষ্ট অংশের গেজেট প্রকাশ করা হতে বিরত থাকার নির্দেশনা থাকায়
ইতোমধ্যে উক্ত পৌরসভার সকল পদে ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে গেজেট প্রকাশিত হওয়ায়
মাননীয় আদালতের আদেশ প্রতিপালনার্থে মাননীয় নির্বাচন কমিশন এ পর্যায়ে এতদ্বারা নোয়াখালী
জেলাধীন কবিরহাট পৌরসভার নির্বাচনে ০১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচিত প্রার্থী
জনাব মমতাজ বেগম, ০১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচিত প্রার্থী জনাব মোঃ এছাক,
০৪নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচিত প্রার্থী জনাব মোহাম্মদ হানিফ মিয়া এবং ০৮নং
সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচিত প্রার্থী জনাব নূর ইসলাম রয়েল এর নামে বাংলাদেশ
গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে ১৪৩৫নং পৃষ্ঠায় প্রকাশিত গেজেটে বর্ণিত
ছকের ০১নং কলামের ০২নং ক্রমিকের বিপরীতে ০২নং কলামে বর্ণিত মমতাজ বেগম, ১৪৩৫৬নং
পৃষ্ঠায় প্রকাশিত গেজেটে বর্ণিত ছকের ০১নং কলামের ০৫নং ক্রমিকের বিপরীতে ০২নং কলামে বর্ণিত
মোঃ এছাক এবং ০১নং কলামের ০৮নং ক্রমিকের বিপরীতে ০২নং কলামে বর্ণিত মোহাম্মদ হানিফ
মিয়া এবং ১৪৩৫৭নং পৃষ্ঠায় প্রকাশিত গেজেটে বর্ণিত ছকের ০১নং কলামের ১২নং ক্রমিকের
বিপরীতে ০২নং কলামে বর্ণিত নূর ইসলাম রয়েল এর নামে প্রকাশিত গেজেটের কার্যকারিতা স্থগিত
করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫৪৮৯)

মূল্য : টাকা ৪.০০